প্রসঙ্গাদিতে চিত্তবিগলিত না হইলে ভক্তির অস্তিত্বই বা কিরূপে উপলব্ধি করিতে পারা যায়? পুলক ও আনন্দাশ্রুধারা বিনা চিত্ত গলিয়াছে, ইহাই বা কিরূপে অনুমান করিতে পারা যায়? তাহা হইলে পূর্ব্ববর্ণিত প্রকারে ভক্তিসংসর্গ বিনা জ্ঞান-সাধনেও বৈফল্য এবং শ্রীভগবানে অর্পণাদি বিনা কর্ম্মসাধনের বৈফল্য স্পষ্টই বুঝা যায়। প্রথম স্কন্ধের ১।৫।৫ শ্লোকে শ্রীনারদ শ্রীকৃষ্ণ দ্বৈপায়নকে বলিয়াছেন—হে মুনিবর। হরিগুণকীর্ত্তন বিনা তুমি মহাভারতাদিতে যে ধর্ম্মাদি বর্ণন করিয়াছ, তাহাতে অকিঞ্চিৎকর বটেই, প্রত্যুত তাহা অত্যন্ত বিরুদ্ধ হইয়াছে। যেহেতু স্বভাবতঃই কাম্যকর্ম্মে অনুরক্তজনের সম্বন্ধে ধর্ম্মের জন্য নিন্দনীয় কাম্যকর্ম্মাদি উপদেশ করা ধর্ম্মোপদেষ্টা তোমার পক্ষে অত্যন্ত অন্যায় হইয়াছে, এবং সেই অন্যায়টাও ছোটখাটো নয়—অতি গুরুতর অন্যায় হইয়াছে। যেহেতু তুমি সাধারণ নও, তোমার বাক্যেতে অর্থাৎ উপদেশে ব্যবহারিকজন মাত্রে "এইটাই মুখ্যধর্ম"—এই প্রকার স্থির ধারণা করিয়া থাকে। অন্য কোনও তত্ত্বজ্ঞ ব্যক্তি যদি সেই কাম্যকর্ম্মাদি অনুষ্ঠান দোষাবহ বলিয়া নিবারণ করে অথবা তুমি স্বয়ংই যদি নিবারণ কর, তাহা হইলেও সেই তত্ত্বজ্ঞের নিষেধ বা তোমার নিষেধ মানিবে না। অথবা যদি কোনও তত্ত্বজ্ঞ ব্যক্তি "ন কর্ম্মনা, ন প্রজয়া, ধনেন, ত্যাগেন, একেন অমৃতত্ব মান্তু"—এইরূপ শ্রুতি উল্লেখ করিয়া নিষেধ করিলেও তাহারা বলিবে প্রবৃত্তিমার্গে যাহারা অনধিকারী, তাহাদের পক্ষেই এই শ্রুতিটি উল্লেখ করা হইয়াছে। এইরূপে তাহারা তত্ত্বজ্ঞের নিষেধ উপদেশ মানিবে না। এই সকল কথা উল্লেখ করিয়া পরে ১।৫।১৭ শ্লোকে বলিতেছেন—স্বধর্ম্ম (বর্ণ ও আশ্রমধর্ম্ম) পরিত্যাগ করিয়া শ্রীহরির চরণ-কমল ভজন করিতে করিতে অপক্কাবস্থাতেই যদি সেই ভজন হইতে পতিত হয়, তাহা হইলে সেই ভজনরসিক জন যদি কোন নীচ যোনিতেও গমন করে, তাহা হইলেও কি তাহার কোন অমঙ্গল ঘটিবে? অভজনকারী স্বধর্ম্মানুষ্ঠান করিয়াই বা কি ফল লাভ করিবে? ইতি শ্লোকার্থ ॥ ২৩ ॥

শ্রীস্বামীপাদকৃত টীকাব্যাখ্যা।

টীকা চ—ইদানীন্তু নিত্যনৈমিত্তিকস্বধর্ম্মনিষ্ঠামপ্যনাদৃত্য কেবলং হরিভক্তিরে-বোপদেষ্টব্যা ইত্যাশয়েনাহ-ত্যক্ত্বেতি। নন্ন স্বধর্ম্মত্যাগেন ভজন্ ভক্তিপরিপাকেন যদি কৃতার্থো ভবেত্তদা ন কাচিচ্চিন্তা। যদি পুনরপক্ক এব ম্রিয়েত ভ্রশ্যেদ্বা তদাতু স্বধর্ম্ম-ত্যাগনিমিত্তোঽনর্থঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ, ততো ভজনাৎ পতেৎ কথঞ্চিদ্‌ভ্রশ্যেন্‌ম্রিয়েত বা যদি তদাপি ভক্তিরসিকস্য কর্ম্মানধিকারান্নানর্থাশঙ্কা। অঙ্গীকৃত্যাপ্যাহ বা শব্দঃ কটাক্ষে, যত্র ক্ক বা নীচযোনাবপি অমুষ্য ভক্তিরসিকস্য অভদ্রমভূৎ কিং নাভূদেবে-